

# কি সেবা কোথায় পাবেন

## জাতীয় জরুরী সেবা ৯৯৯ (National Emergency Service-999):

জাতীয় জরুরী সেবা ৯৯৯ ব্যবহার করে ফায়ার সার্ভিস, পুলিশ ও এ্যাম্বুলেন্স সংক্রান্ত সেবা পেতে পারেন। যে কোন মোবাইল ফোন অথবা টেলিফোন থেকে জাতীয় জরুরী সেবা ৯৯৯ এ ফোন করা যেতে পারে। এটি সম্পূর্ণ টোল-ফ্রি সার্ভিস অর্থাৎ ফোনে ব্যালান্স না থাকলেও যে কেউ এই সেবাটি জরুরী মুহুর্তে পেতে পারেন।

### **কখন ৯৯৯-এ কল করবেন?**

যখন আপনার জরুরি সেবা প্রয়োজন হবে, যেমন-

১. যখন কোন অপরাধ সংঘটিত হতে দেখবেন;
২. প্রাণনাশের আশংকা দেখা দিলে;
৩. কোন হতাহতের ঘটনা চোখে পড়লে;
৪. হতাহতের আশংকা তৈরি হলে;
৫. আপনার আশেপাশে কোথাও দুর্ঘটনা ঘটতে দেখলে;
৬. আপনার কোন দুর্ঘটনা ঘটলে;
৭. কোথাও অগ্নিকাণ্ডের ঘটনা ঘটলে;
৮. যখন আপনার এ্যাম্বুলেন্সের প্রয়োজন হবে।

## অনলাইন পুলিশ ক্লিয়ারেন্স Online Police Clearance:

<https://pcc.police.gov.bd/ords/f?p=500:1> এই URL লিংকে Log in করে প্রয়োজনীয় তথ্যাদি প্রদান করে পুলিশ ক্লিয়ারেন্সের আবেদন করতে হবে। অনলাইনে আবেদনপূর্বক রাজশাহী মেট্রোপলিটন এলাকার জন্য আপনি পুলিশ কমিশনারের কার্যালয়ের ওয়ান স্টপ সার্ভিস সেন্টার থেকে পুলিশ ক্লিয়ারেন্স সরাসরি সংগ্রহ করে নিতে পারেন। পুলিশ ক্লিয়ারেন্স সংক্রান্ত যে কোন জরুরী প্রয়োজনে টেলিফোন নং-০২৫৮৮৮০১৩১৮ অথবা ০১৩২০০৬২৬৪৬ নাম্বারে যোগাযোগ করুন।

### অনলাইন পুলিশ ক্লিয়ারেন্স যাদের জন্য ইস্যু করা হয়ঃ

১. বিদেশগামী বাংলাদেশী নাগরিক অথবা
২. প্রবাসী বাংলাদেশী নাগরিক অথবা
৩. বাংলাদেশে বসবাস করে স্বদেশে/বিদেশে প্রত্যাবর্তনকারী বিদেশী নাগরিকদের জন্য প্রয়োজনীয় পুলিশ ক্লিয়ারেন্স এই অনলাইন সিস্টেমের মাধ্যমে ইস্যু করা হয়।

বাংলাদেশের অভ্যন্তরে চাকুরী কিংবা অন্য কোন কাজে পুলিশ ক্লিয়ারেন্স প্রয়োজন হলে সংশ্লিষ্ট জেলার পুলিশ সুপারের কার্যালয়ের ডিএসবি অথবা মেট্রোপলিটন এলাকায় পুলিশ কমিশনারের কার্যালয়ের সিটিএসবি শাখায় যোগাযোগ করুন।

### অনলাইন পুলিশ ক্লিয়ারেন্স আবেদনের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টসমূহঃ

১. ০১ (এক ) কপি পাসপোর্ট সাইজের ছবি
২. পাসপোর্টের সত্যায়িত ফটোকপি।
৩. নাগরিকত্ব সনদের ফটোকপি।
৪. জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনের সত্যায়িত ফটোকপি।
৫. বিদেশে অবস্থানকারী কোন ব্যক্তির ক্ষেত্রে ওই দেশের বাংলাদেশ দূতাবাস/হাইকমিশন কর্তৃক পাসপোর্টের তথ্য পাতার সত্যায়িত ফটোকপি তার পক্ষে করা আবেদনের সঙ্গে দাখিল করতে হবে।
৬. বাংলাদেশে অবস্থানকারী বিদেশী নাগরিকদের ক্ষেত্রে নিজ দেশের জাস্টিস অব পিস (Justice of Peace ) কর্তৃক সত্যায়িত তথ্য পাতার স্ক্যানড কপি।
৭. মেশিন রিডেবল পাসপোর্টে (এম আর পি) যদি ঠিকানা উল্লেখ না থাকে সেক্ষেত্রে, পাসপোর্ট যে স্থায়ী বা বর্তমান ঠিকানা ব্যবহার করা হয়েছে তার প্রমাণস্বরূপ স্থানীয় ওয়ার্ড কাউন্সিলর এর সনদপত্র অথবা জাতীয় পরিচয় পত্র অথবা জন্ম নিবন্ধন এর ফটোকপি ১ম শ্রেণীর সরকারী গেজেটেড কর্মকর্তার দ্বারা সত্যায়িত করে দাখিল করতে হবে।
৮. বাংলাদেশ ব্যাংকে অথবা সোনালী ব্যাংকে পাঁচশত টাকার চালান করতে হবে (সোনালী ব্যাংকে চালান করলে ২৪ ঘন্টা পর আবেদন করা যায়)।

#### ব্যাংক চালানের কোড

১	৭	৩	০	১	০	০	০	১	২	৬	৮	১
---	---	---	---	---	---	---	---	---	---	---	---	---

## **ভিকটিম সাপোর্ট সেন্টার :**

আহত/মানসিকভাবে বিপর্যস্ত ভিকটিমের ক্ষেত্রে সার্বিক সহযোগিতা পাবার জন্য এবং নারীর প্রতি সহিংসতা নিরসনে আইনী পরামর্শের জন্য ভিকটিম সাপোর্ট সেন্টার (শাহমখদুম থানা কম্পাউন্ড)আরএমপি'র টেলিফোন ০২৫৮৮৮০১৩১৮, মোবাইল-০১৩২০০৬১৭৩৪ এ যোগাযোগ করুন। এছাড়াও সকল থানা পর্যায়ে নারী ও শিশু সহায়তা হেল্প ডেস্ক-এ সরাসরি যোগাযোগ করতে পারেন।

## **ভিকটিম সাপোর্ট সেন্টারের সেবাসমূহঃ-**

সহিংসতার শিকার নারী ও শিশুদের-

- ১। তাৎক্ষণিক মেডিকেল সাপোর্ট প্রদান করা হয়;
- ২। খাদ্য, বস্ত্র ও নিরাপদ আশ্রয় প্রদান করা হয়;
- ৩। মনোসামাজিক কাউন্সিলিং করা হয়;
- ৪। আইনী সহায়তা ও পরামর্শ প্রদান;
- ৫। নারী ও শিশুবান্ধব নিরাপদ পরিবেশ;
- ৬। হারানো শিশু ও সহিংসতার শিকার নারীদের অভিভাবকের নিকট হস্তান্তর অথবা পুনর্বাসন করা হয়।

## আরএমপি'র থানাসমূহের জরুরী মোবাইল নাম্বারসমূহ

### বোয়ালিয়া থানা

অফিসার ইনচার্জ -	০১৩২০০৬১৪৯৯
পুলিশ পরিদর্শক(তদন্ত)-	০১৩২০০৬১৫০০
ডিউটি অফিসার -	০১৩২০০৬১৫০৬

### রাজপাড়া থানা

অফিসার ইনচার্জ -	০১৩২০০৬১৫২৭
পুলিশ পরিদর্শক(তদন্ত)-	০১৩২০০৬১৫২৮
ডিউটি অফিসার -	০১৩২০০৬১৫৩৪

### চন্দিমা থানা

অফিসার ইনচার্জ -	০১৩২০০৬১৫৫৫
পুলিশ পরিদর্শক(তদন্ত)-	০১৩২০০৬১৫৫৬
ডিউটি অফিসার -	০১৩২০০৬১৫৬২

### মতিহার থানা

অফিসার ইনচার্জ -	০১৩২০০৬১৬২৩
পুলিশ পরিদর্শক(তদন্ত)-	০১৩২০০৬১৬২৪
ডিউটি অফিসার -	০১৩২০০৬১৬৩০

### কাঁটাখালী থানা

অফিসার ইনচার্জ -	০১৩২০০৬১৬৫১
পুলিশ পরিদর্শক(তদন্ত)-	০১৩২০০৬১৬৫২
ডিউটি অফিসার -	০১৩২০০৬১৬৫৮

### বেলপুকুর থানা

অফিসার ইনচার্জ -	০১৩২০০৬১৬৭৯
পুলিশ পরিদর্শক(তদন্ত)-	০১৩২০০৬১৬৮০
ডিউটি অফিসার -	০১৩২০০৬১৬৮৬

### শাহমখদুম থানা

অফিসার ইনচার্জ -	০১৩২০০৬১৭৫৩
পুলিশ পরিদর্শক(তদন্ত)-	০১৩২০০৬১৭৫৪
ডিউটি অফিসার -	০১৩২০০৬১৭৬০

### এয়ারপোর্ট থানা

অফিসার ইনচার্জ -	০১৩২০০৬১৭৮১
পুলিশ পরিদর্শক(তদন্ত)-	০১৩২০০৬১৭৮২
ডিউটি অফিসার -	০১৩২০০৬১৭৮৮

### পবা থানা

অফিসার ইনচার্জ -	০১৩২০০৬১৮০৯
পুলিশ পরিদর্শক(তদন্ত)-	০১৩২০০৬১৮১০
ডিউটি অফিসার -	০১৩২০০৬১৮১৬

### কাশিয়াডাঙ্গা থানা

অফিসার ইনচার্জ -	০১৩২০০৬১৮৮৩
পুলিশ পরিদর্শক(তদন্ত)-	০১৩২০০৬১৮৮৪
ডিউটি অফিসার -	০১৩২০০৬১৮৯০

### দামকুড়া থানা

অফিসার ইনচার্জ -	০১৩২০০৬১৯১১
পুলিশ পরিদর্শক(তদন্ত)-	০১৩২০০৬১৯১২
ডিউটি অফিসার -	০১৩২০০৬১৯১৮

### কর্ণহার থানা

অফিসার ইনচার্জ -	০১৩২০০৬১৯৩৯
পুলিশ পরিদর্শক(তদন্ত)-	০১৩২০০৬১৯৪০
ডিউটি অফিসার -	০১৩২০০৬১৯৪৬